

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা।
www.chicd.gov.bd

নথি নং- ৫কাস (১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পার্ট-১/

তারিখ : ৩০/০৬/২০২১।

বিষয়: করোনা ভাইরাস প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক ঘোষিত লক ডাউন সময়ে কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা'র কর্মকর্তা/কর্মচারীগণের নির্বিঘ্নে যাতায়াতকরণ প্রসঙ্গে।

সূত্র: ০১। মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নম্বর ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩,
০২। মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নম্বর ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১,

তারিখ: ৩০/০৬/২০২১ খ্রি:।
তারিখ: ১৬/০৫/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রীয় ০২ নং পত্রের মাধ্যমে সরকারের রাজস্ব আদায়ের সাথে সম্পৃক্ত সকল দপ্তর/সংস্থাসমূহ-কে জরুরী পরিসেবার আওতাভুক্ত করা হয়েছে। এ কারণে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক ঘোষিত লকডাউনকালীন আমদানিকৃত নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরী চিকিৎসা ও অন্যান্য সেবাসামগ্রী, শিল্পের কাঁচামাল, সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা কর্তৃক আমদানিকৃত পণ্য, মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, কৃষি যন্ত্রপাতি ও উপকরণ, পোল্ট্রি/ডেইরিশিল্পের খাদ্য ও উপকরণ এবং কূটনৈতিক সুবিধায় আমদানিকৃত পণ্য শুদ্ধায়নসহ খালাস প্রদান এবং রপ্তানি ও ইপিজেডের কার্যক্রম সার্বক্ষণিক সচল রাখার স্বার্থে কাস্টম হাউস, আইসিডি, কমলাপুরের দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীগণের পরিচালনা অব্যাহত রাখার নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে কাস্টম হাউসের কর্মকর্তা/কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে যাতায়াতের ব্যবস্থা সুগম রাখা আবশ্যিক।

২। এমতাবস্থায়, করোনা ভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার লকডাউনকৃত দিনগুলোতে নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরী চিকিৎসা সামগ্রী, কৃষিপণ্য, সার, কীটনাশক, জ্বালানীসহ জরুরী পণ্যের আমদানি ও রপ্তানির কার্যক্রম চালুর মাধ্যমে দেশের Supply Chain বজায় তথা দেশের অর্থনীতিকে সচল রাখার স্বার্থে কাস্টম হাউস, আইসিডি, কমলাপুরে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীগণ স্ব স্ব পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে কর্মস্থল ও বাসস্থানে যাতায়াতের ক্ষেত্রে তাঁদের বহনকারী যান যাতে প্রশাসনিক প্রতিবন্ধকতাহীনভাবে চলতে পারে সে লক্ষ্যে দায়িত্বরত আইন-শৃঙ্খলাবাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিশেষ দৃষ্টব্য : অফিস কর্মকর্তা/কর্মচারীগণ অফিস পরিচয়পত্র সঙ্গে রাখবেন।

স্বাঃ/-

খন্দকার নাজমুল হক
অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন: ০২-৪৮৩১৩৮৪৩।

প্রাপক: পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।

নথি নং- ৫কাস (১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পার্ট-১/৬৫০১(১-১৬)

তারিখ : ৩০/০৬/২০২১।


বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০২। অতিরিক্ত/যুগ্ম কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০৫। উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০৬। অফিসার ইনচার্জ, শাহজাহানপুর থানা, ঢাকা।
- ০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এ্যাসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা।সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

- ০৮। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, কমলাপুর, রেলওয়ে স্টেশন আইসিডি শাখা, কামলাপুর।
রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হল।
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), বাড়ী নং ৪৫/ই, রোড নং ১৩/সি, বনানী ঢাকা।
[সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।]
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ভবন, ১০৮০, শেখ মুজিব রোড।
চট্টগ্রাম। [সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।]
- ১১। রাজস্ব কর্মকর্তা/ সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ১২। ফাইভ-আর-এসোসিয়েটস, আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ১৩। পিএটু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। শাখা সহকারী/ সাব-ইন্সপেক্টর/ সিপাই/গাড়ী চালক/অফিস সহায়ক (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। সদস্য (শুল্ক নীতি ও আইসিডি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


৩০/০৬/২১
মোহাম্মদ নাহিদুর রী
উপ কমিশনার
